দৈনিক
ইত্তেফাক

তারিখ ... 4 FEB 2009 ......
পৃষ্ঠা ... ৩ ... কলাম ... ৬ ......

# মাদরাসা শিক্ষা নিয়ে ডঃ বারাকাতের মন্তব্যে বিভিন্ন সংগঠনের নিন্দা

॥ ইত্তেফাক রিপোর্ট ॥

মাদরাসা শিক্ষা নিয়ে ড. আবুল বারাকাতের মন্তব্যে নিন্দা জানিয়েছে বিভিন্ন সংগঠন। জাতীয় তাফসীর পরিষদ বাংলাদেশের চেয়ারম্যান মাওলানা আহমদ আবদুল কাইয়ুম বলেন, মাদরাসা শিক্ষা এদেশের সংখ্যাগরিষ্ঠ জনগণের ধর্মীয় ও সাংস্কৃতিক স্বাতন্ত্র্য, ইতিহাস-ঐতিহ্যকে সমুন্নত রাখার ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে। এই শিক্ষাকে নিয়ে নেতিবাচক মন্তব্য করায় তিনি ড. আবুল বারাকাতকে বিশ্বব্যাপি ইসলাম নিধনে ষড়যন্ত্রকারীদের বাংলাদেশী দালাল বলে অভিহিত করেন। বাংলাদেশ খেলাফত আন্দোলনের প্রধান মাওলানা শাহ আহমাদুল্লা আশরাফ এক বিবৃতিতে বলেন, মাদরাসা হলো সৎ ও যোগ্য নাগরিক গড়ার কারখানা। যারা এই প্রতিষ্ঠান সম্পর্কে সমালোচনা করে তাদের মাদরাসা শিক্ষা সম্পর্কে কোন ধারণা নেই। ইসলামী আন্দোলন বাংলাদেশ এর আমীর চরমোনাইর পীর মাওলানা মুফতী মোহাম্মদ রেজাউল করীম বলেন, বারাকাতরা ইসলামের শত্রু এবং আন্তর্জাতিকভাবে মাদরাসা শিক্ষার বিরুদ্ধে ষড়যন্ত্রে লিপ্ত।